



২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বি.এ/বি.এস.সি. (অনার্স ও পাস) প্রথম সেমিস্টারে(CBCS) ভর্তির নিয়মকানুন

ভর্তির আবেদন বা ভর্তির জন্য কোনভাবেই কলেজ ক্যাম্পাসে ছাত্রছাত্রী বা অভিভাবক/অভিভাবিকার প্রবেশ বা যোগাযোগ কঠোরভাবে নিষিদ্ধ।

ফর্ম ফিলাপ করতে হবে অনলাইনে, **২৭ শে মে, ২০১৯ থেকে ৮ই জুন, ২০১৯ (রাত ১২ টা) পর্যন্ত।**

- অনলাইন ফর্ম ফিলাপের পর একটি Application ID তৈরি হবে, যার দ্বারা ছাত্রছাত্রীরা ওয়েবসাইটে Login করতে পারবে (Password Date of Birth DD/MM/YYYY)
- অনলাইন ফর্ম ফিলাপ করার পর ফর্ম প্রিন্ট আউট নিতে হবে।(ফর্মের হার্ড কপি জমা নেওয়া হবে ক্লাস শুরুর দিনে)
- অনলাইন আবেদন ফিঃ অনার্স- প্রতি অনার্সের ক্ষেত্রে ৫০/-, পাস কোর্স ৫০/-
- অনলাইন আবেদন ফি কেবলমাত্র অনলাইনে(ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং) জমা করা যাবে।
- অনার্স ও পাসকোর্সের জন্য আলাদা অনলাইন আবেদন করতে হবে। একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৩ টি বিষয়ের জন্য অনার্সের ফর্ম ফিলাপ করতে পারবে। একটি ফর্মে সর্বাধিক তিনটি বিষয়ের জন্য আবেদন করা যাবে।
- অনলাইন আবেদন ফি (ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং) জমা দেবার শেষ তারিখ ৯ই জুন, ২০১৯, সকাল ১০ টার মধ্যে।
- অনলাইন আবেদন ফি জমা দেবার ২৪ ঘণ্টার মধ্যে ওয়েবসাইটে ফিস স্ট্যাটাস PAID না দেখালে কলেজের হেল্পলাইনে ফোন বা হোয়াটসঅ্যাপ বা ওয়েবসাইটে 'COMPLAIN' ট্যাব এর মাধ্যমে সত্বর জানাতে হবে। কোনভাবেই কলেজ অফিসে আসা যাবে না বা কলেজ কতৃপক্ষের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা যাবে না। অনলাইন আবেদন সংক্রান্ত সকল প্রকার অভিযোগ জানানোর শেষ সময়সীমা আগামী ৯ ই জুন, ২০১৯ বিকাল ৩টা পর্যন্ত। কেবলমাত্র PAID স্ট্যাটাস এর আবেদনকারীদের নামই মেরিট লিস্টে থাকবে। প্রতিশনাল মেরিট লিস্ট প্রকাশিত হবে আগামী ০৯.০৬.২০১৯ তারিখ, বিকাল ৫ টায়। মনে রাখতে হবে প্রতিশনাল মেরিট লিস্ট কেবলমাত্র অনলাইনে করা আবেদনপত্রের তালিকা।
- প্রতিশনাল মেরিট লিস্টে নাম না থাকলে কলেজের হেল্পলাইনে ফোন করে বা হোয়াটসঅ্যাপ বা ওয়েবসাইটে 'COMPLAIN' ট্যাব এর মাধ্যমে করে নিজের Application ID দিয়ে জানাতে হবে আগামী ১০.০৬.২০১৯, বিকাল ৩টার মধ্যে। ১০.০৬.২০১৯ বিকাল ৩টার পর এই ধরনের কোন আবেদন/যোগাযোগ গ্রহণযোগ্য হবে না। প্রতিশনাল মেরিট লিস্ট (সংশোধিত) প্রকাশ হওয়ার পর কোন রকমের সংশোধন আবেদন গ্রাহ্য হবে না।
- প্রতিশনাল মেরিট লিস্ট (সংশোধিত) প্রকাশ হবে আগামী ১১.০৬.২০১৯, বেলা ২টা।
- ভর্তির জন্য প্রথম মেরিট লিস্ট (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) প্রকাশিত হবে আগামী ১১.০৬.২০১৯ তারিখ, বিকাল ৩ টায়।
- ভর্তির জন্য প্রথম মেরিট লিস্টে (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) থাকা ছাত্রছাত্রীরা অনলাইনে টাকা জমা করে প্রতিশনাল ভর্তি হতে পারবে। এক্ষেত্রে কলেজে আসতে হবে না বা কোনভাবেই কোন আধিকারিকের সাথে যোগাযোগের প্রয়োজন নেই। প্রতিশনাল ভর্তির ফি জমা দেওয়ার পর ফি রিসিট, অ্যাডমিশন ফর্ম ও রেজিস্ট্রেশন ফর্ম প্রিন্ট করতে হবে। (ফি অনলাইনে জমা দেওয়ার পর নথিভুক্ত মোবাইলে নম্বরে একটি কনফার্মেশন মেসেজ যাবে।)
- ভর্তির পরে যেদিন তাঁদেরকে কলেজে প্রথম ক্লাসের জন্য আসতে বলা হবে সেদিন সেইসকল ছাত্রছাত্রীদের ফি রিসিট, অনলাইনে আবেদন করা ফর্ম, অ্যাডমিশন ফর্ম (২কপি) ও রেজিস্ট্রেশন ফর্ম এর সাথে সমস্ত Original Documents মিলিয়ে নিয়ে (সাথে তিন কপি করে জেরক্স কপি জমা দিতে হবে) চূড়ান্ত ভর্তির সিলমোহর দেওয়া হবে। এক্ষেত্রে যদি মার্কস বা ক্যাটেগরি সংক্রান্ত বা অন্য কোন বিষয়ে তথ্য লুকানোর কোন অভিযোগ ধরা পড়ে, এক্ষেত্রে তাঁর ভর্তি বাতিল বলে গণ্য করা হবে। **ভর্তি বাতিলের সিদ্ধান্তে কলেজের অধ্যক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এই সকল ক্ষেত্রে ভর্তি বাতিলের সাথে রেজিস্ট্রেশন ফিস বা ভর্তিবাদ প্রদেয় টাকা কোনভাবেই ফেরতযোগ্য নয়।**
- অনার্সের জন্য আবেদন করার যোগ্যতার মাপকাঠিঃ
 - বেস্ট ফোর বিষয়ে ৫০% ও সংশ্লিষ্ট বিষয়ে ৪৫% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৫৫%
 - তপশিলী জাতি/উপজাতিদের জন্যঃ বেস্ট ফোর বিষয়ে ৪০% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪০%
 - (বিঃদ্রঃ ফুড অ্যান্ড নিউট্রিশন ও মাইক্রোবায়োলজি অনার্সের ক্ষেত্রে কেমিস্ট্রিতে পাস করতে হবে)
- পাসকোর্সের জন্য আবেদন করার যোগ্যতার মাপকাঠিঃ বাংলা ও ইংরাজি আবশ্যিক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাস।
- সংরক্ষণঃ পশ্চিমবঙ্গ সরকারের নিয়মানুযায়ী।
- ভর্তি সংক্রান্ত সময়সূচী বিশেষ পরিস্থিতিতে (বিশ্ববিদ্যালয় / সরকারী আদেশনামা বা যান্ত্রিক ত্রুটি ইত্যাদি) পরিবর্তনযোগ্য।

Visit: www.onlineadmissionraidighcollege.org.in